

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
<http://food.khagrachhari.gov.bd>
Web: www.dgfood.gov.bd



আদেশ

খাগড়াছড়ি পার্বত্য জেলায় ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরের জন্য নিয়োজিত অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারীর চুক্তির বর্ধিত মেয়াদ আগামী ৩১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ শেষ হবে। ০৩ (তিন) পার্বত্য জেলা তথা খাগড়াছড়ি পার্বত্য জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার নিয়োগ কার্যক্রম চট্টগ্রাম বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারের একই দর ও শর্তে অভিন্ন রুটে একই সময়ে সম্পন্ন হয়। অনিবার্য কারণবশত: নতুন ঠিকাদার নিয়োগে আরও কিছু সময়ের প্রয়োজন হবে বিধায় খাদ্য অধিদপ্তর কর্তৃক চট্টগ্রাম বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারের চুক্তির মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর দপ্তরের ২৮/০৩/২০২৩ খ্রিঃ তারিখের ১০৪৮ নং স্মারকে ০৩ (তিন) পার্বত্য জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারীর চুক্তির মেয়াদ বৃদ্ধি করায় খাগড়াছড়ি পার্বত্য জেলার খাদ্য শস্য পরিবহণ যাতে ব্যাহত না হয় সে লক্ষ্যে জরুরি খাদ্য শস্য পরিবহণ কাজ অব্যাহত রাখার স্বার্থে ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ খাগড়াছড়ি পার্বত্য জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারদের চুক্তির মেয়াদ চুক্তির একই দর ও শর্তে আগামী ০১/০৪/২০২৩ খ্রিঃ তারিখ হতে ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) মাস অথবা নতুন ঠিকাদার নিয়োগ না হওয়া পর্যন্ত (যা আগে ঘটে) সময়ের জন্য বর্ধিত করা হল।

খাগড়াছড়ি পার্বত্য জেলায় কার্যরত অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারদের সাথে সম্পাদিত চুক্তিপত্রের ০৪ নং ধারা অনুযায়ী বর্ধিত মেয়াদে পরিবহণ কাজ অব্যাহত রাখতে সম্মত এ জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদারগণকে সংযুক্ত ‘ছক’ মোতাবেক ৩০০/০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প ও একটি কার্টিজ পেপারে ০২ (দুই) প্রস্থ সম্মতিনামা আগামী ০২/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। তাছাড়া ২০১৮-২০ চুক্তিবর্ষে দাখিলকৃত ৯৩,০০০/- (তিরানব্বই হাজার) টাকার পণ্য নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত ব্যাংক গ্যারান্টির মেয়াদ বর্ধিত সময় অর্থাৎ ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রমানপত্র অত্রাফিসে দাখিল করতে হবে।

জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি পার্বত্য জেলা ঠিকাদারের বর্ধিত সময়ের পরিবহণ বিল আহরণ ও ব্যয়ন করবেন। এ সম্পর্কিত খরচাদি ২০২২-২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং ১৪৮০২০১১২০০০২৬০৬/৩২৫৪১০৫ হতে মেটানো হবে।

(সুমাইয়া রাজনী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক

খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোনঃ ০২৩৩৩৩৪৩৮৬০
e-mail: dcf.kgr@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.৪৬০০.০০৬.৪৯.০১৬.২২- ৬২৫

তারিখ: ০৫/০৩/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ০৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৬। অধীক্ষক, চট্টগ্রাম সাইলো, চট্টগ্রাম।
- ০৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী (স ও জ) সড়ক বিভাগ, খাগড়াছড়ি।
- ০৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।
- ১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১১। ব্যবস্থাপক, দেওয়ানহাট/হালিশহর সিএসডি, চট্টগ্রাম।
- ১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....এলএসডি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১৪। মেসার্স/জনা/বেগম..... অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ঠিকানা (সংযুক্ত: ০১ (এক) খানা ছক)
- ১৫। অত্রাফিসের মজুদ ও চলাচল শাখা।
- ১৬। সংশ্লিষ্ট ঠিকাদার নথি।
- ১৭। অত্রাফিসের নোটিশ বোর্ড।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।